

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date: 26-01-2026

**Time: 07:35-07:40 PM Hrs
BENGALI MORNING BULLETIN**

CM-Greetings:

আজ ৭৭ তম প্রজাতন্ত্র দিবস। রাজ্যেও নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে এই দিবসটি উদযাপন করা হবে। রাজ্যের মূল অনুষ্ঠানটি আয়োজন করা হয়েছে আগরতলা আসাম রাইফেলস ময়দানে। অনুষ্ঠানে আধা সামরিক বাহিনী, পুলিশ ও অন্যান্যদের কুচকাওয়াজ ও সাংস্কৃতিক অনুষ্ঠান প্রদর্শিত হবে। প্রজাতন্ত্র দিবসকে সামনে রেখে সারা রাজ্যে কঠোর নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

রাজ্যের প্রতিটি মহকুমাতে সরকারিভাবে নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে প্রজাতন্ত্র দিবস পালিত হবে।

প্রজাতন্ত্র দিবস উপলক্ষে রাষ্ট্রপতি পুলিশ পদক পাচ্ছেন রাজ্যের সাতজন পুলিশ ও টি.এস.আর. জওয়ান। অতি বিশেষ সেবার জন্য রাষ্ট্রপতি পদক পাচ্ছেন টি.এস.আর. -এর সপ্তম ব্যাটেলিয়ানের হাভিলদার শিব চরন দেববর্মা। এছাড়া বিশেষ সেবার জন্য রাষ্ট্রপতি পুলিশ পদক পাচ্ছেন ডিএসপি দেবপ্রসাদ রায়, টিএসআর. -এর পঞ্চম ব্যাটেলিয়ানের সুবেদার প্রদীপ চন্দ্র দাস, টিএসআর. -এর সপ্তম ব্যাটেলিয়ানের হাভিলদার বিপুল দাস, পুলিশ কনস্টেবল জীবন দেবনাথ, ট্রাফিক পুলিশের এএসআই অমল দত্ত এবং পুলিশের স্পেশাল ব্রাঞ্চের এএসআই ধুবজ্যোতি হালদার। পুলিশ সদর দপ্তর সূত্রে এই খবর জানানো হয়েছে।

Republic Day-President:

রাষ্ট্রপতি দ্রৌপদী মূৰ্মু প্রজাতন্ত্র দিবস উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। ৭৭ তম প্রজাতন্ত্র দিবসের প্রাক:কালে গতকাল সন্ধ্যায় জাতির উদ্দেশ্যে প্রদত্ত ভাষণে রাষ্ট্রপতি বলেন, প্রজাতন্ত্র দিবসের পবিত্র উৎসব আমাদের অতীত, বর্তমান এবং ভবিষ্যতে দেশের অবস্থা এবং দিকনির্দেশ অবলোকনের সুযোগ এনে দেয়। রাষ্ট্রপতি বলেন, আমাদের সংবিধান, বিশ্ব ইতিহাসের বৃহত্তম সাধারণতন্ত্রের মৌলিক গ্রন্থ। আমাদের সংবিধানে নিহিত ন্যায়বিচার, স্বাধীনতা, সাম্য এবং সৌভ্রাতৃত্বের আদর্শ আমাদের সাধারণতন্ত্রকে সংজ্ঞায়িত করে।

Padmsree Naresh Debbarma:

সাহিত্য ও শিক্ষা ক্ষেত্রে অনবদ্য অবদানের নিরিখে এবছর ত্রিপুরা থেকে নরেশ চন্দ্র দেববর্মা পদ্ম শ্রী সম্মানের জন্য মনোনীত হয়েছেন। গতকাল পদ্ম সম্মান প্রাপকদের তালিকা প্রকাশ করা হয়। এদিকে, সাংসদ বিপ্লব কুমার দেব শ্রী দেববর্মাকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন। সামাজিক মাধ্যমে শ্রী দেব জানিয়েছেন নরেশ চন্দ্র দেববর্মার এই প্রাপ্তি, সমস্ত ত্রিপুরাবাসীর জন্যও অত্যন্ত আনন্দের ও গর্বের। পদ্ম শ্রী সম্মানে ভূষিত নরেশ চন্দ্র দেববর্মা এক প্রতিক্রিয়া জানান ---

#####BYTE#####

Pratima Bhowmik :

শিক্ষা, সংস্কৃতি, প্রতিরক্ষা, প্রযুক্তি, বিজ্ঞান, রোজগার, ব্যবসা প্রতিটি ক্ষেত্রে রাজ্যের মহিলাদের আত্মনির্ভরতা, অগ্রগতি কিভাবে আরো সুনিশ্চিত করা যায় সেই লক্ষ্যে রাজধানী দিল্লীতে আগামী ৭ ও ৮ই মার্চ এক সেমিনার অনুষ্ঠিত হতে যাচ্ছে। সেই সেমিনারকে সামনে রেখে ভারতীয় বিদ্বত পরিষদ ও শরণ্যা রাষ্ট্র সেবিকা সমিতির উদ্যোগে গতকাল আগরতলা প্রেস ক্লাবে এক প্রস্তুতি বৈঠকের আয়োজন করা হয়। বৈঠকে উপস্থিত ছিলেন প্রাক্তন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক। তিনি বলেন নারীসশক্তিকরণে এখনো যে সমস্ত সমস্যা রয়ে গেছে তার সমাধানের লক্ষ্যেই আজকের এই প্রস্তুতি বৈঠক। বৈঠকে উপস্থিত ছিলেন রাজ্য মহিলা কমিশনের চেয়ারপার্সন বার্না দেববর্মা, শিশু সুরক্ষা কমিশনের চেয়ারপার্সন জয়ন্তী দেববর্মা, রাষ্ট্রীয় সংস্কৃত বিশ্ববিদ্যালয়ের সহায়ক অধ্যাপিকা, ভারতীয় বিদ্বৎ পরিষদের ত্রিপুরা রাজ্যের সংযোজিকা ডঃ বুল্কা দাস প্রমুখ।

Inauguration of Indoor Stadium:

ধর্মনগরের বিবিআই কমপ্লেক্সে গোঁরী শেখর রায় ইনডোর স্পোর্টস হলের গতকাল আনুষ্ঠানিক উদ্বোধন করেন রাজ্যের যুব ও ক্রীড়া দপ্তরের মন্ত্রী টিঙ্কু রায়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি অপর্ণা নাথ, যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের অধিকর্তা লালনেইথুয়ামা ডার্লং প্রমুখ। উল্লেখ্য, ৫,৬২৩.৫ বর্গফুট আয়তনের এই ইনডোর স্পোর্টস হল নির্মাণে মোট ব্যয় হয়েছে ১ কোটি ৩৩ লক্ষ ৩৩ হাজার টাকা।

DONER MINISTER :

ডোনার মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া তিনদিনের রাজ্য সফরে এসে প্রায় সাড়ে নয়শো কোটি টাকার বিভিন্ন প্রকল্পের উদ্বোধন, শিলান্যাস ও নির্মায়মান প্রকল্পগুলি পরিদর্শন করেছেন। গতকাল গন্ডাছড়ার নারিকেল কুঞ্জে মাতাবাড়ি ট্যুরিজম সার্কিট প্রকল্পের শিলান্যাস করে তিনি এ খবর জানান। তিনি জানান, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির আশা ও বিশ্বাস এবং মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার সহায়তায় এই প্রকল্পগুলি বাস্তবায়িত হচ্ছে। নারিকেল কুঞ্জকে বিশ্বমানের পর্যটন কেন্দ্র হিসেবে গড়ে তোলার প্রতিশ্রুতি দেন কেন্দ্রীয় মন্ত্রী। মাতাবাড়ি, উজ্জয়ন্ত প্রাসাদ, নীরমহল, সিপাহিজলা এবং ছবিমুড়া এই পাঁচটি পর্যটন কেন্দ্রকে নিয়ে ৪৫০ কোটি টাকার মাতাবাড়ি ট্যুরিজম সার্কিট প্রকল্প রূপায়িত হচ্ছে।

Ranji Trophy:

রঞ্জি ট্রফির চারদিনের খেলায় উত্তরাখন্ড ৯ উইকেটে ত্রিপুরাকে হারিয়ে দিয়েছে। এম বি বি স্টেডিয়ামে গতকাল শেষ দিনে উত্তরাখণ্ডের সামনে জয়ের লক্ষ্য ছিল ২২৪ রান। বিজয়ী দল এক উইকেট হারিয়ে জয় ছিনিয়ে নেয়। দলের পক্ষে ভূপেন লালওয়ানি ১০০ রানে অপরাজিত থেকে যান। দিনের শুরুতে রাজ্যদল ২৫৮ রানে দ্বিতীয় ইনিংস শেষ। এ ম্যাচে রাজ্যদলের প্রথম ইনিংসের ২৬৬ রানে জবাবে উত্তরাখণ্ড করেছিল ৩০১ রান।

Weather :

আজ আকাশ পরিষ্কার থাকবে। সকালে হালকা কুয়াশা ছিল। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৯ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১২ ডিগ্রি সেলসিয়াস।
